

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৩৩

কুমারঘাট, ০৯ ফেব্রুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্প

কুমারঘাট পুর এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ

মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্পে কুমারঘাট পুর পরিষদের ২নং ওয়ার্ডে ১৪০ মিটার দীর্ঘ পাকা ড্রেনের নির্মাণ কাজ চলছে। এজন্য ব্যয় করা হবে ২১ লক্ষ ৫১ হাজার টাকা। এতে ৩০টি পরিবার উপকৃত হবে। একই প্রকল্পে ১৩নং ওয়ার্ডে ২৭২ মিটার দীর্ঘ পাকা ড্রেন নির্মাণের কাজ এগিয়ে চলছে। এখানে ব্যয় হবে ২২ লক্ষ ৭৫ হাজার টাকা। উপকৃত হবে ৫০টি পরিবার। অন্যদিকে ১০নং ওয়ার্ডে ১৫০ মিটার ঢালাই রাস্তা ও ১৯০ মিটার পাকা ড্রেন নির্মাণ করা হচ্ছে। এজন্য ব্যয় হবে ১৪ লক্ষ ২৭ হাজার টাকা।

এছাড়াও পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে কুমারঘাট পুর পরিষদের ১, ৬, ১০ ও ১৫ নং ওয়ার্ডে মোট ৪টি স্মল বোরের মাধ্যমে পরিশ্রুত পানীয় জল সরবরাহের কাজ এগিয়ে চলছে। প্রতিটি স্মল বোর তৈরীতে ব্যয় করা হবে ৯ লক্ষ ৪৪ হাজার ৬০০ টাকা করে। এজন্য মোট ব্যয় হবে ৩৭ লক্ষ ৭৮ হাজার ৪০০ টাকা। এতে মোট ৬০টি পরিবার উপকৃত হবে বলে সংশ্লিষ্ট কার্যালয় থেকে জানানো হয়েছে।

কুমারঘাট পুর পরিষদের উদ্যোগে চলতি ২০২৩-২৪ অর্থবর্ষের পরিকল্পনায় মোটর স্ট্যান্ড সংলগ্ন এলাকায় বৈদ্যুতিক শ্মশান তৈরীর পরিকল্পনা নেওয়া হয়েছে। এই শ্মশান পরিবেশ দূষণ নিয়ন্ত্রণেও সহায়ক হবে। এজন্য ব্যয় হবে ১ কোটি ৫ লক্ষ ৯১ হাজার ৭৯১ টাকা। নগরোন্নয়ন দপ্তরের স্টেট প্ল্যানের বরাদ্দ অর্থে খুব শীঘ্রই নির্মাণ কাজ শুরু করা হবে বলে পুর কার্যালয় থেকে জানানো হয়েছে।
